

ঢাকা ভাসিটির শিক্ষকের
বিরুদ্ধে অভিযোগ থাকলে প্রথমে
ভিসিকে জানাতে হবে

শিক্ষক সমিতি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ বিনা কারণে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ডঃ মুনতাসির মামুনকে এক মুহূর্ত বন্দী রাখা সাধারণ আইন, বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ ১৯৭৩ ও গণতান্ত্রিক রীতিনীতির পরিপন্থী। রবিবার শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আবুল খায়েরের সভাপতিত্বে এক সভায় এ মতামত দেয়া হয়। সভায় সর্বসম্মতিক্রমে মুনতাসির মামুনকে শ্রেফতারের নিন্দা এবং অবিলম্বে তার মুক্তির দাবি জানানো হয়। সভায় বলা হয়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোন শিক্ষকের বিরুদ্ধে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী অথবা সরকারের অভিযোগ থাকলে প্রথমে অবশ্যই ভিসিকে অবহিত করতে হবে এবং পরে ব্যবস্থা নিতে হবে। মুনতাসির মামুনের মুক্তির দাবিতে শিক্ষক সমিতি আগামীকাল বৃহস্পতিবার বেলা ১১টায় অপরাজেয় বাংলার পাদদেশে সমবেত হয়ে মিছিল করে প্রধানমন্ত্রীর কার্যালয়ে গমন এবং স্মারকলিপি প্রদান করবে।